# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩০৬১

৫০/ কুরআন তাফসীর (كتاب تفسير القرآن عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ সূরা আল-মাইদা

بَابٌ: وَمِنْ سُورَةِ الْمَائِدَةِ

আরবী

حَدَّثَنَا الْحَسَنُ بْنُ قَزَعَةَ، حَدَّثَنَا سُفْيَانُ بْنُ حَبِيبٍ، حَدَّثَنَا سَعِيدٌ، عَنْ قَتَادَةَ، عَنْ خِلاَسِ بْنِ عَمْرٍو، عَنْ عَمَّارِ بْنِ يَاسِرٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " أُنْزِلَتِ الْمَائِدَةُ مِنَ السَّمَاءِ خُبْزًا وَلَحْمًا وَأُمِرُوا أَنْ لاَ يَخُونُوا وَلاَ يَدَّخِرُوا لِغَدٍ فَخَانُوا وَادَّخَرُوا وَرَفَعُوا لِغَدٍ فَمُسِخُوا قِرَدَةً وَخَنَازِيرَ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ . قَدْ رَوَاهُ أَبُو عَاصِمٍ وَغَيْرُ وَاحِدٍ عَنْ سَعِيدِ بْنِ أَبِي عَرُوبَةَ عَنْ قَتَادَةَ عَنْ خِلاَسٍ عَنْ عَمَّارِ بْنِ يَاسِرٍ مَوْقُوفًا وَلاَ نَعْرِفُهُ مَرْفُوعًا إِلاَّ مِنْ حَدِيثِ الْحَسَنِ بْنِ قَزَعَةَ .

حَدَّثَنَا حُمَيْدُ بْنُ مَسْعَدَةَ، حَدَّثَنَا سُفْيَانُ بْنُ حَبِيبٍ، عَنْ سَعِيدِ بْنِ أَبِي عَرُوبَةَ، نَحْوَهُ وَلَمْ يَرْفَعْهُ وَهَذَا أَصَحُّ مِنْ حَدِيثِ الْحَسَنِ بْنِ قَزَعَةَ وَلاَ نَعْلَمُ لِلْحَدِيثِ الْمَرْفُوعِ أَصْلاً .

বাংলা

৩০৬১. হাসান ইবন কাযাআ বাসরী (রহঃ) ....... আম্মার ইবন ইয়াসির রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ [ঈসা (আঃ)-এর দু'আয় আল্লাহ্ তা’আলা] আকাশ থেকে রূটি ও মাংস ভর্তি খাঞ্চা প্রেরণ করেন। হাওয়ারীদের নির্দেশ দেওয়া হয়েছিল তারা যেন এর খেয়ানত না করে এবং তা থেকে যেন আগামীকালের জন্য সঞ্চয় না করে। কিন্তু তারা এতে খেয়ানত করল তা থেকে সঞ্চয় করল এবং আগামীকালের জন্য তা তুলে রাখল। ফলে তাদের (শাস্তি হিসাবে) বানর ও শুকর রূপান্তরিত করে দেওয়া হয়।

এই হাদীসটি গারীব। আবূ আসিম (রহঃ) প্রমুখ এটি সাঈদ ইবন আবূ আরূবা-কাতাদা-খিলাস আম্মার রাদিয়াল্লাহু আনহু সূত্রে মাওকূফ রূপে রিওয়ায়ত করেছেন। হাসান ইবন কাযাআ-এর রিওয়ায়ত ছাড়া এটি মারফূ রূপে বর্ণিত হয়েছে বলে আমাদের জানা নেই।

হুমায়দ ইবন মাসআদা (রহঃ) ... সাঈদ ইবন আবূ আরূবা (রহঃ) সূত্রে অনুরূপ বর্ণিত আছে। তবে এটি মারফূ’ নয়। এটি হাসান ইবন কাযাআর রিওয়ায়ত থেকে অধিক সহীহ। মারফু’রূপে বর্ণনাটির কোন ভিত্তি আছে বলে আমাদের জানা নেই।

যঈফ, তিরমিজী হাদিস নম্বরঃ ৩০৬১ [আল মাদানী প্রকাশনী]

## English

Narrated 'Ammar bin Yasir:
"The Messenger of Allah (ﷺ) said: 'The Ma'idah was sent down from the Heavens with bread and meat. And they were commanded to not be deceitful with it and hide it for tomorrow. So they were deceitful with it and they hid it, so it was raised up in the morning. Then they were transformed into monkeys and pigs.'"

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আম্মার ইবনু ইয়াসির (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=38413

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন